নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৮

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪ / ০২ এপ্রিল ২০১৮

**বিষয়: লালমাই উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ১৭ এবং উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুসারে কুমিল্লা জেলার লালমাই উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে বিভিন্ন তারিখ নির্ধারণ করে মাননীয় নির্বাচন কমিশন তফসিল ঘোষণা করেছেন (প্রজ্ঞাপন সংযুক্ত-১)।

০২। **রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার** : উল্লিখিত উপজেলা পরিষদের নির্বাচন পরিচালনার জন্য বিধি ০৮ অনুসারে সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লাকে রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাচন অফিসার, সদর দক্ষিণ, কুমিল্লাকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে (সংযুক্ত-২)।

০৩। **মনোনয়নপত্র আহবানের বিজ্ঞপ্তি** : উল্লিখিত উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ এর উপবিধি (১) অনুসারে সময়সূচির প্রজ্ঞাপন জারি হওয়ার প্রেক্ষিতে বিধি ১৪ অনুযায়ী রিটার্নিং অফিসার জনসাধারণের জ্ঞাতার্থে, নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহবান জানিয়ে যথাশীঘ্র সম্ভব একটি বিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত বিজ্ঞপ্তিতে মনোনয়পত্র দাখিলের স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকবে।

০৪। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম** : উল্লিখিত সময়সূচি অনুযায়ী উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৮ অনুসারে মনোনয়নপত্র বাতিল বা গ্রহণ আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **২২ এপ্রিল ২০১৮** এবং দায়েরকৃত আপিল **২৫ এপ্রিল ২০১৮** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **২৬ এপ্রিল ২০১৮** এবং এর পরের দিন অর্থাৎ **২৭ এপ্রিল ২০১৮ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র বাতিল বা গ্রহণ আদেশের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তির জন্য বিধি ১৮ এর উপবিধি (৩) অনুসারে জেলা প্রশাসক, কুমিল্লাকে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করা হয়েছে (নিয়োগের প্রজ্ঞাপন সংযুক্ত-৩)।

০৫। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ** : উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর সংশ্লিষ্ট বিধান এবং উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ অনুসারে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য নির্বাচন কমিশনের সাথে নিবন্ধিত রাজনৈতিক দলের মনোনয়ন অথবা স্বতন্ত্র প্রার্থী হতে হবে। উক্ত বিধির উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ইইই) অনুসারে চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে পত্রের মাধ্যমে রিটার্নিং অফিসার অবহিত করবেন।

০৬। **ভোটার তালিকা** : উল্লিখিত উপজেলা পরিষদের নির্বাচন সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে। জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ হতে সর্বশেষ হালনাগাদকৃত ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার সিডি সরবরাহ করা হবে।

০৭। **ভোটকেন্দ্র** : উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১০ অনুসারে ইতঃপূর্বে জারিকৃত নীতিমালা এবং নির্বাচন সহায়তা-১ শাখা হতে জারিকৃত সর্বশেষ নির্দেশনা অনুসারে ভোটকেন্দ্র চূড়ান্ত করতে হবে। চূড়ান্তকৃত ভোটকেন্দ্রের তালিকা মাননীয় নির্বাচন কমিশনের অনুমোদনের জন্য ১৯ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।

০৮। **প্রতীক বরাদ্দ** : উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২২ অনুসারে প্রার্থীদের অনুকূলে প্রতীক বরাদ্দ করতে হবে। উল্লেখ্য যে, ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশোধনীর পরিপ্রেক্ষিতে পূর্বের বিধিমালার তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ এ প্রদত্ত যথাক্রমে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনের জন্য নির্ধারিত প্রতীকের পরিবর্তে সংশোধিত বিধিমালার তফসিল-২ এ চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহ, তফসিল-৩ এ চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহ, তফসিল-৪ এ ভাইস চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহ, তফসিল-৫ এ ভাইস চেয়ারম্যান পদে

স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহ, তফসিল-৬ এ মহিলা ভাইস চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহ এবং তফসিল-৭ এ মহিলা ভাইস চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহ নির্ধারিত রয়েছে (সংযুক্ত-৪)। ফলে চতুর্থ উপজেলা পরিষদ নির্বাচন পরিচালনা ম্যানুয়ালের পৃষ্ঠা-১৯ এবং ম্যানুয়ালের পরিশিষ্ট-খ হিসেবে সংযুক্ত উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশ্লিষ্ট বিধিতে প্রদত্ত প্রতীকের তালিকা (ম্যানুয়ালের পৃষ্ঠা-৩১২) হতে কোনক্রমেই যেন প্রতীক বরাদ্দ দেয়া না হয় সে বিষয়ে বিশেষ দৃষ্টি দিতে হবে। একইভাবে উপজেলা পরিষদের নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন কমিশন সচিবালয় হতে ২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে জারিকৃত বিশেষ পরিপত্র [নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৪(অংশ-১).৪৯], ২৪ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে জারিকৃত বিশেষ পরিপত্র-২ [নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৪(অংশ-১)-১১৬] এবং ২১ ডিসেম্বর ২০১৬ তারিখের এস.আর.ও নং- ৩৭৮-আইন/২০১৬ মূলে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশোধনীর পূর্ব পর্যন্ত জারিকৃত পরিপত্র অথবা অন্য যে কোন নির্দেশনার আলোকে যেন প্রতীক বরাদ্দ না দেয়া হয় সে দিকেও লক্ষ্য রাখতে হবে। রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দের পর যাচাই করে সঠিক রয়েছে মর্মে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা একটি প্রত্যয়নপত্র প্রদান করবেন।

০৯। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহে, প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল ও বাছাই এবং বাছাই বা গ্রহণের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, আপিল গ্রহণের সুবিধার্থে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষের সাথে আলোচনা করে আপিল গ্রহণ সংশ্লিষ্ট অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রাখার বিষয়ে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। **অন্যান্য নির্দেশনা** : উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ ও উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধান অনুসরণপূর্বক ৪র্থ উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে ও পরবর্তীতে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুসারে উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে। এ লক্ষ্যে ইতোপূর্বে উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত **পরিপত্র ১-১১**, বিশেষ পরিপত্র এবং অন্যান্য পত্রের নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশোধনী প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। কাজের সুবিধার্থে উল্লিখিত বিধিমালার সংশোধনীর সংশ্লিষ্ট অংশ এতদসংগে প্রেরণ করা হ'ল (সংযুক্ত-৫)। সেই সাথে প্রত্যেক প্রার্থীকে প্রদানের জন্য উপজেলা পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা, ২০১৩ এর অনুলিপি প্রেরণ করা হ'ল (সংযুক্ত-৬)।

১১। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট আইন ও বিধিমালা অনুসরণপূর্বক ইতোপূর্বের জারিকৃত আদেশ ও নির্দেশনা অনুসারে বর্ণিত উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২/৮/২০১৮

**ফরহাদ আহাম্মদ খান**
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৫
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৮

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ এবং ওয়েবসাইটে দেয়ার ব্যবস্থা করার জন্য]
১৫. জেলা প্রশাসক, কুমিল্লা ও আপিল কর্তৃপক্ষ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল
১৭. পুলিশ সুপার, কুমিল্লা
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা
২০. উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা
২১. জেলা তথ্য অফিসার, কুমিল্লা
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. প্রোগ্রামার (সংশ্লিষ্ট), সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬. উপজেলা নির্বাচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................................(সংশ্লিষ্ট থানা)।

02/04/18

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল : ০১৫৫০০৪২০৪১

২৮৩-২

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৫ তারিখ: ১৯ চৈত্র ১৪২৪ / ০২ এপ্রিল ২০১৮

## প্রজ্ঞাপন

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৫।–উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা কুমিল্লা জেলার লালমাই উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে :

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৬ এপ্রিল ২০১৮ / ০৩ বৈশাখ ১৪২৫ | (সোমবার ) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ এপ্রিল ২০১৮ / ০৬ বৈশাখ ১৪২৫ | ( বৃহস্পতিবার ) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ এপ্রিল ২০১৮ / ১৩ বৈশাখ ১৪২৫ | ( বৃহস্পতিবার ) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ১৫ মে ২০১৮ / ০১ জ্যৈষ্ঠ ১৪২৫ | (মঙ্গলবার) |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২/৪/২০১৮

**ফরহাদ আহাম্মদ খান**
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৫
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

উপ পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৫ তারিখ: ১৯চৈত্র ১৪২৪ / ০২এপ্রিল ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা

৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম-সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ এবং ওয়েবসাইটে দেয়ার ব্যবস্থা করার জন্য]
১৫. জেলা প্রশাসক, কুমিল্লা ও আপিল কর্তৃপক্ষ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল
১৭. পুলিশ সুপার, কুমিল্লা
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার কুমিল্লা ও রিটার্নিং অফিসার
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা
২১. উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা
২২. জেলা তথ্য অফিসার, কুমিল্লা
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. প্রোগ্রামার (উপাত্ত প্রক্রিয়াকরণ), সিনিয়র সহকারী সচিব/সহকারী ........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...........................................(সংশ্লিষ্ট থানা)।

০৭/০৫/১৮
( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল : ০১৫৫০০৪২০৪১

সংযুক্ত-২

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৬

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

## বিজ্ঞপ্তি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৬।- উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা নিম্নবর্ণিত ৩নং কলামে কুমিল্লা জেলার লালমাই উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান ও মহিলা ভাইসচেয়ারম্যান পদের নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে ৫নং ও ৬নং কলামে বর্ণিত কর্মকর্তাকে যথাক্রমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করিতেছেন:

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | পদের নাম | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কুমিল্লা | লালমাই | চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান ও মহিলা ভাইসচেয়ারম্যান | সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা | উপজেলা নির্বাচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২/৪/২০১৮

ফরহাদ আহাম্মদ খান
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৫
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

উপ পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত)কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৬

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম

১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম-সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ এবং ওয়েবসাইটে দেয়ার ব্যবস্থা করার জন্য]
১৫. জেলা প্রশাসক, কুমিল্লা ও আপিল কর্তৃপক্ষ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল
১৭. পুলিশ সুপার, কুমিল্লা
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার কুমিল্লা ও রিটার্নিং অফিসার
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা
২১. উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা
২২. জেলা তথ্য অফিসার, কুমিল্লা
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. প্রোগ্রামার (উপাত্ত প্রক্রিয়াকরণ), সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................................(সংশ্লিষ্ট থানা)।

০২/০৪/১৮

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল : ০১৫৫০০৪২০৪১

সংযুক্তি-৬

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৭

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

**প্রজ্ঞাপন**

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৭।- উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৮ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা উল্লিখিত বিধিমালার ১৭ বিধির অধীন রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাতিল/গ্রহণের বিরুদ্ধে দায়েরকৃত আপিল মীমাংসার জন্য নিম্নেবর্ণিত কর্মকর্তাকে আপিল কর্তৃপক্ষ হিসাবে নিয়োগ করিতেছেন:

| ক্রমিক | জেলার নাম | উপজেলার নাম | | আপিল কর্তৃপক্ষ হিসাবে নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ |
| ১. | কুমিল্লা | ১ | লালমাই | জেলা প্রশাসক, কুমিল্লা |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২/৪/২০১৮

**ফরহাদ আহাম্মদ খান**
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৮
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

উপ পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত)কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-৯৭

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম

১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম-সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ এবং ওয়েবসাইটে দেয়ার ব্যবস্থা করার জন্য]
১৫. জেলা প্রশাসক, কুমিল্লা ও আপিল কর্তৃপক্ষ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল
১৭. পুলিশ সুপার, কুমিল্লা
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার কুমিল্লা ও রিটার্নিং অফিসার
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা
২১. উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা
২২. জেলা তথ্য অফিসার, কুমিল্লা
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. প্রোগ্রামার (উপাত্ত প্রক্রিয়াকরণ), সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................................(সংশ্লিষ্ট থানা)।

০৮/০৪/১৮

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল : ০১৫৫০০৪২০৪১

সংযুক্ত-৪

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২১, ২০১৬

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৭ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৭৮-আইন/২০১৬।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর ও উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (১৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৮) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১৮) "প্রার্থী" অর্থ কোন উপজেলার—

(ক) চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি বা স্বতন্ত্র প্রার্থী; এবং

(খ) মহিলা সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;";

(খ) দফা (২৮) এর পর নিম্নরূপ দফা (২৮ক) সন্নিবেশিত হইবে, যথা :—

"(২৮ক) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 2 এর clause (xixa) তে সংজ্ঞায়িত registered political party;";



মূল্য : টাকা ৮০.০০

(গ) দফা (৩১) এর প্রান্তস্থিত দাড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নতুন দফা (৩২) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩২) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮(১৯৯৮ সনের ২৪নং আইন) এর ধারা ২ এর দফা (ণ) তে সংজ্ঞায়িত স্বতন্ত্রপ্রার্থী;"

(২) বিধি ৬ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলির পরিবর্তে "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলির পরিবর্তে "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ১০ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "জেলা নির্বাচন কর্মকর্তা, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে" শব্দগুলি ও কমার পরিবর্তে "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার মাধ্যমে" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলির পরিবর্তে "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ১৪ এর-শেষ লাইনে উল্লিখিত "তারিখ ও সময়" শব্দগুলির পরিবর্তে "তারিখ, সময় ও ওয়েব এ্যাড্রেস" শব্দগুলো ও কমা প্রতিস্থাপিত হইবে।

(৭) বিধি ১৫ এর—

(ক) উপ-বিধি (৩) এর দফা (গ) এর—

(অ) উপ-দফা (ই) এ উল্লিখিত "হিসাবে" শব্দের পর " একই পদের" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) উপ-দফা (ইই) এর শেষ প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে এবং অত:পর নিম্নরূপ নতুন উপ-দফা (ইইই) ও (ইইইই) সন্নিবেশিত হইবে, যথা:—

‘‘(ইইই) রাজনৈতিক দলের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিতে হইবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন উপজেলা পরিষদে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট উপজেলা পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;

(ইইই) স্বতন্ত্র চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান প্রার্থীর প্রার্থিতার জন্য সংশ্লিষ্ট উপজেলার ২৫০ (দুইশত পঞ্চাশ) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা:

তবে শর্ত থাকে যে, কোন স্বতন্ত্র চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান প্রার্থী চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে ইতিপূর্বে নির্বাচিত হইয়া থাকিলে তাঁহার জন্য ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করিবার প্রয়োজন হইবে না; এবং";

(খ) উপবিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপবিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫) (ক) সরাসরি মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি মনোনয়নপত্র সংশ্লিষ্ট প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী কর্তৃক উহা দাখিলের নির্ধারিত একটি তারিখে বা উহার পূর্বে রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসার উহা প্রাপ্তির তারিখ ও সময় মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করিয়া প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন; বা

(খ) কোন প্রার্থী অনলাইনে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন, এক্ষেত্রে—

(অ) প্রার্থী প্রথমে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটের নির্ধারিত লিংকে প্রবেশ করিয়া জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, বিভাগ, জেলা ও উপজেলার নাম এন্ট্রি করিয়া রেজিষ্ট্রেশন করিবেন এবং রেজিষ্ট্রেশন সম্পন্ন করিবার সাথে সাথেই তিনি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাইবেন;

(আ) প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া লগইন করিবার পর চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম-ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১, মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২ এবং মহিলা সদস্য পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-৩ পাইবেন;

(ই) প্রার্থী অনলাইনে সংশ্লিষ্ট মনোনয়নপত্রটি পূরণ করিবেন এবং মনোনয়নপত্র পূরণ সম্পন্ন হওয়ার পর পূরণকৃত তথ্যাদি সঠিক আছে কি না তা যাচাই করিবার পর উক্ত পূরণকৃত মনোনয়ন ফরমটি প্রিন্ট করিয়া সংশ্লিষ্ট স্থানে প্রস্তাবকারী, সমর্থনকারী ও প্রার্থী স্বাক্ষর প্রদান করিবেন;

(ঈ) স্বাক্ষরিত মনোনয়ন ফরম, জামানতের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান বা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফ্‌ট এবং উপবিধি (৩) (ঈ) তে উল্লিখিত হলফনামা ও উপবিধি (৩)(ইই) তে উল্লিখিত রাজনৈতিক দলের মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) বা উপবিধি (৩)(ইইই) তে উল্লিখিত স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে ভোটারের সমর্থনযুক্ত স্বাক্ষরের তালিকাসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট কাগজপত্রাদির যথাযথস্থানে স্বাক্ষরকরতঃ স্ক্যান করিয়া পিডিএফ (Portable document format) আকারে দাখিল করিতে হইবে এবং নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এস এম এস এর মাধ্যমে দাখিলের বিষয় নিশ্চিত করা হইবে;

(উ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্র ফরম-খ তে লিপিবদ্ধ করিয়া ক্রমিক নম্বর প্রদান করিবেন; প্রদত্ত ক্রমিক নম্বর মনোনয়নপত্রে পঞ্চম খণ্ডে উল্লেখপূর্বক প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় লিপিবদ্ধ করিবেন এবং রিটার্নিং অফিসার কখন, কোথায় মনোনয়নপত্র বাছাই করিবেন তাহা উল্লেখ করিয়া স্বাক্ষর ও সিলমোহর প্রদানপূর্বক পিডিএফ ফাইলের মাধ্যমে অনলাইনে প্রার্থীকে প্রদান করিবেন;

(ঊ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং দাখিলকৃত মনোনয়নপত্রের সাথে এই মর্মে একটি প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে যে, অনলাইনে দাখিলকৃত কাগজপত্রের সাথে মূলকপির অবিকল মিল আছে।'';

(গ) উপ-বিধি (৭) এর পর নিম্নরূপ উপ-বিধি (৮) ও (৯) সংযোজিত হইবে, যথা:—

"(৮) কোন ব্যক্তি একাধিক মনোনয়নপত্রে স্বাক্ষর দান করিলে রিটার্নিং অফিসার কর্তৃক প্রাপ্ত প্রথম বৈধ মনোনয়নপত্র ব্যতীত অন্য সকল মনোনয়নপত্র বাতিল হইয়া যাইবে।

(৯) রিটার্নিং অফিসার তদ্‌কর্তৃক প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্র সম্পর্কে উহাতে বর্ণিত প্রার্থীর বিস্তারিত বিবরণ এবং প্রস্তাবকারী ও সমর্থনকারীর নাম ও ভোটার নম্বর ফরম-'গ' অনুসারে প্রস্তুত করিয়া তাহার কার্যালয়ে সহজে দৃষ্টিগোচর হয় এমন কোন স্থানে টাংগাইয়া দিবেন।";

(৮) বিধি ১৫ এর পর নিম্নরূপ নতুন বিধি ১৫ক সন্নিবেশিত হইবে, যথা:—

"১৫ক। **স্বতন্ত্র চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান প্রার্থীর ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা যাচাই পদ্ধতি।**—(১) স্বতন্ত্র চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান প্রার্থী কর্তৃক বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর বিধান অনুসারে দাখিলকৃত নির্ধারিত সংখ্যক ভোটারের স্বাক্ষর ও তথ্যাদি রিটার্নিং অফিসার বা রিটার্নিং অফিসারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকায় নির্ধারিত সংখ্যা হইতে কম সংখ্যক ভোটারের স্বাক্ষর থাকিলে অথবা তালিকার কোন একটি ক্রমিকের তথ্যের গরমিল থাকিলে সংশ্লিষ্ট মনোনয়নপত্র বাতিল করিবেন।

(৩) রিটার্নিং অফিসার বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকাসহ প্রার্থীর নাম ফ্যাক্স, ই-মেইল কিংবা অন্য কোন মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের মনোনীত কর্মকর্তাকে অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রার্থীর নাম অবগত হইবার পর নির্বাচন কমিশনের মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে প্রত্যেক স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত স্বাক্ষর তালিকার ৫ (পাঁচ) টি সংখ্যা চিহ্নিত করিবেন যাহা ক্রমিক ১ (এক) হইতে ২৫০ (দুইশত পঞ্চাশ) এর মধ্যে হইতে হইবে এবং উহা রিটার্নিং অফিসারকে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে অবহিত করিবেন।

(৫) বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন স্বাক্ষরযুক্ত তালিকায় চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদের জন্য ২৫০ (দুইশত পঞ্চাশ) এর অধিক নাম ও স্বাক্ষর অন্তর্ভুক্ত হইলে, যে ক্রমিক হইতে এই অধিক সংখ্যার শুরু হইয়াছে উহা দৈবচয়নের অন্তর্ভুক্ত হইবে না।

(৬) উপ-বিধি (৪) এর অধীন চিহ্নিত ৫ (পাঁচ) টি সংখ্যার বিপরীতে উল্লিখিত তথ্যাদি রিটার্নিং অফিসার সরেজমিনে তদন্ত করিবেন বা করাইবেন এবং তদন্ত কর্মকর্তা প্রতিটি সংখ্যার বিপরীতে একটি লিখিত প্রতিবেদন প্রস্তুত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন তদন্তের ফলাফলের উপর ক্ষেত্রমত, সংশ্লিষ্ট এলাকার একজন ভোটারের প্রত্যয়ন অথবা যাচাইকৃত ভোটারের স্বাক্ষর কিংবা টিপসহি থাকিবে এবং উহা সংশ্লিষ্ট এলাকার অপর একজন ভোটার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত বা টিপসহিকৃত হইবে।

(৮) এই বিধির অধীন মনোনয়নপত্র বাতিল করা হইলে রিটার্নিং অফিসার তাহার সিদ্ধান্ত প্রত্যয়ন করিবেন এবং বাতিলের কারণ লিপিবদ্ধ করিবেন।";

(৯) বিধি ১৬ এর উপ-বিধি (৩) এর পর উপ-বিধি (৪) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৪) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এ জমাকৃত জামানতের টাকা ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরকারি ট্রেজারিতে জমা প্রদান করিবেন।";

(১০) বিধি ১৯ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "ফরম ''গ'' " শব্দ, অক্ষর ও চিহ্নের পরিবর্তে "ফরম ''ঘ'' " শব্দ, অক্ষর ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(১১) বিধি ২০ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩) উপ-বিধি (১) এর অধীন প্রত্যাহারের কোন নোটিশ প্রাপ্ত হইয়া রিটার্নিং অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, নোটিশে প্রদত্ত দস্তখত প্রার্থীর, তাহা হইলে তিনি নোটিশের একটি ফটোকপি তাহার অফিসের সহজে দৃষ্টিগোচরে আসে এমন কোন স্থানে টাঙ্গাইয়া দিবেন।'';

(১২) বিধি ২২ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(১) কোন পদের জন্য একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকিলে প্রত্যেক প্রার্থী—

(ক) চেয়ারম্যান পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে তফসিল-২;

(খ) চেয়ারম্যান পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৩;

(গ) ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৪;

(ঘ) ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৫;

(ঙ) মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৬;

(চ) মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৭; এবং

(ছ) মহিলা সদস্য পদে নির্বাচনের ক্ষেত্রে তফসিল-৮ :

তবে শর্ত থাকে যে, দফা (ক), (গ) ও (ঙ) এ উল্লিখিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থীকে তাহার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক উল্লেখ করিতে হইবে";

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তফসিল-২ বা ৩ বা ৪ বা, ক্ষেত্রমত, ৫" শব্দগুলি, সংখ্যাগুলি ও কমাগুলি এর পরিবর্তে "তফসিল-৩ বা ৫ বা ৭ বা, ক্ষেত্রমত, ৮" শব্দগুলি, সংখ্যাগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৩) বিধি ২৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

''২৩। **ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু।**—(১) ভোট গ্রহণের পূর্বে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হইলে ক্ষেত্রমত, সংশ্লিষ্ট উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন কার্যক্রম রিটার্নিং অফিসারগণ বিজ্ঞপ্তির দ্বারা বাতিল করিয়া দিবেন।

(২) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এর অধীন গৃহীত ব্যবস্থা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনকে লিখিতভাবে জানাইবেন।

(৩) রিটার্নিং অফিসারের নিকট হইতে অবহিত হইবার অব্যবহিত পর কমিশন সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার সংশ্লিষ্ট পদে নতুন নির্বাচনি তফসিল ঘোষণা করিবেন এবং কমিশনের উক্ত সিদ্ধান্ত অনুসারে রিটার্নিং অফিসার নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন :

তবে শর্ত থাকে যে, ইতিপূর্বে কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলিয়া সাব্যস্ত হইয়া থাকিলে এবং তিনি তাঁহার প্রার্থিতা প্রত্যাহার না করিয়া থাকিলে তাহাকে নতুন করিয়া মনোনয়নপত্র দাখিল করিতে হইবে না।

(৪) ভোট গ্রহণের পূর্বে মহিলা সদস্য পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হইলে ভোটগ্রহণ অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।'';

(১৪) বিধি ২৪ এর উপ-বিধি (১) ও উপ-বিধি (২) এ উল্লিখিত "ফরম ''ঘ'' " শব্দ, চিহ্ন ও অক্ষরের পরিবর্তে "ফরম ''ঙ'' " শব্দ, চিহ্ন ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।

(১৫) বিধি ২৫ এর—

(ক) উপ-বিধি (২) এ উল্লিখিত "ঠিকানা" শব্দের পর " , প্রযোজ্য ক্ষেত্রে রাজনৈতিক দলের নাম" কমা এবং শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং "ফরম ''ঙ'' " শব্দ ও অক্ষর এর পরিবর্তে ''ফরম ''চ'' '' শব্দ ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "ফরম ''ঙ'' " শব্দ, চিহ্ন ও অক্ষর এর পরিবর্তে "ফরম "চ'' " শব্দ, চিহ্ন ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।

(১৬) বিধি ২৭ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) কোন নির্বাচনি এজেন্টকে নিয়োগদান করা হইলে, সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থী উক্ত নির্বাচনি এজেন্টের নাম, পিতা বা স্বামীর নাম, মাতার নাম ও ঠিকানাসহ নির্বাচনি এজেন্টের স্বাক্ষর সত্যায়ন করিয়া অনুরূপ নিয়োগদান সম্পর্কে ফরম 'জ' অনুসারে রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করিবেন।'';

(১৭) বিধি ২৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"২৮। পোলিং এজেন্ট নিয়োগ।— (১) প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট, ভোটগ্রহণ আরম্ভ হইবার পূর্বে, প্রত্যেক ভোটকেন্দ্রের প্রতিটি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার তালিকাভুক্ত ভোটারদের মধ্য হইতে অনধিক একজন করিয়া পোলিং এজেন্ট নিয়োগ করিতে পারিবেন।

(২) প্রিজাইডিং অফিসারের নিকট ভোট গ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম ''জ-১'' এ দাখিল করিবেন।

(৩) সহকারী প্রিজাইডিং অফিসার তফসিল-১ এর ফরম ''জ-২'' অনুসারে পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ড রাখিবেন।

(৪) প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট, যে কোন সময়ে উপ-বিধি (১) এর অধীন নিয়োগকৃত পোলিং এজেন্টের নিয়োগ বাতিল করিতে পারিবেন এবং এইরূপে বাতিল করা হইলে বা পোলিং এজেন্টের মৃত্যু ঘটিলে, উক্ত প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট উপ-বিধি (১) এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন অন্য কোন ব্যক্তিকে পোলিং এজেন্ট হিসাবে নিয়োগদান করিতে পারিবেন এবং অনুরূপ নিয়োগদান সম্পর্কে উপ-বিধি (২) অনুসারে প্রিজাইডিং অফিসারকে তাৎক্ষণিকভাবে অবহিত করিবেন।

(৫) পোলিং এজেন্টগণকে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ছবিসহ পোলিং এজেন্টের পরিচয়পত্র বুকে ঝুলাইয়া রাখিতে হইবে এবং উক্ত পরিচয়পত্র ছাড়াও নিয়োগপত্র ও তাহার নিজস্ব জাতীয় পরিচয়পত্র সংগে রাখিতে হইবে।

(৬) প্রত্যেক পোলিং এজেন্টকে কমিশন কর্তৃক নির্ধারিত এবং প্রার্থী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত নমুনার কাপড়ের তৈরী বাহু বন্ধনী বা আর্মড ব্যান্ড বা অন্য কোন চিহ্ন সংগে রাখিতে হইবে।

(৭) পোলিং এজেন্ট বিধি অনুযায়ী নির্ধারিত ফরমের যেখানে স্বাক্ষর করা প্রয়োজন সেখানে স্বাক্ষর করিতে বাধ্য থাকিবেন।

(৮) পোলিং এজেন্ট নির্ধারিত স্থানে অবস্থান করিয়া বিধি অনুযায়ী স্বীয় দায়িত্ব পালন করিবেন এবং নির্বাচনের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হয়, এমন কার্যক্রম গ্রহণ করা হইতে বিরত থাকিবেন।

(৯) পোলিং এজেন্ট ভোটগ্রহণ শেষ হইবার পূর্ববর্তী এক ঘন্টা হইতে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই ভোটকক্ষ ত্যাগ করিতে পারিবেন না।

(১০) কোন পোলিং এজেন্টকে ভোটকেন্দ্রে আসার পথে বাধা প্রদান করা হইলে বা ভোটকক্ষ বা ভোটকেন্দ্র হতে জোরপূর্বক বাহির করিয়া দেওয়া হইলে সাথে সাথে তা সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার বা আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী বা ম্যাজিস্ট্রেট বা রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করিতে হইবে, লিখিত অভিযোগ ব্যতীত অন্য কোন অভিযোগ আমলে নেওয়া হইবে না।

(১১) ফলাফল গণনাকালে প্রত্যেক প্রার্থীর কতজন পোলিং এজেন্ট ভোটগণনা কক্ষে উপস্থিত থাকিতে পারিবেন তাহা নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার নির্ধারণ করিয়া দিবেন।

(১২) ভোট গণনাকালে কোন্ কোন্ পোলিং এজেন্ট উপস্থিত থাকিবেন তাহাও ফরম ''জ-১'' অনুসারে ভোট গণনার পূর্বেই প্রিজাইডিং অফিসারকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(১৮) বিধি ২৯ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “ফরম ‘‘জ’’ ” শব্দ ও বর্ণের পরিবর্তে “ফরম ‘‘ঝ’’ ” শব্দ ও অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(১৯) বিধি ৩০ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “ফরম ‘‘চ’’ ” শব্দ ও সংখ্যার পরিবর্তে “ফরম ‘‘ছ’’ ” শব্দ ও সংখ্যা এবং " 'তফসিল-২' এ উল্লিখিত সকল প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-২ ও ৩ এ উল্লিখিত প্রতীকের মধ্য হইতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের অনুকূলে বরাদ্দকৃত প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “ফরম ‘‘চ-১’’ ” শব্দ, অক্ষর, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে “ফরম ‘‘ছ-১’’ ” এবং " 'তফসিল-৩' এ উল্লিখিত সকল প্রতীক" শব্দগুলি, অক্ষর, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-৪ ও ৫ এ উল্লিখিত প্রতীকের মধ্য হইতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের অনুকূলে বরাদ্দকৃত প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত “ফরম ‘‘চ-২’’ ” শব্দ, অক্ষর ও সংখ্যার পরিবর্তে “ফরম ‘‘ছ-২’’ ” এবং " 'তফসিল-৪' এ উল্লিখিত সকল প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-৬ ও ৭ এ উল্লিখিত প্রতীকের মধ্য হইতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের অনুকূলে বরাদ্দকৃত প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-বিধি (৪) এ উল্লিখিত “ফরম ‘‘চ-৩’’ ” শব্দ, অক্ষর ও সংখ্যার পরিবর্তে “ফরম ‘‘ছ-৩’’ ” এবং " 'তফসিল-৫' এ উল্লিখিত সকল প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-৮ এ উল্লিখিত সকল প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) উপ-বিধি (৫) এ উল্লিখিত “ফরম ‘‘চ’’, ‘‘চ-১’’, ‘‘চ-২’’ এবং ‘‘চ-৩’’” শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “ফরম “ছ”, “ছ-১”, “ছ-২” এবং “ছ-৩” ” শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা:—

"(৬) বিধি ২৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকায় চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে যেই ক্রমে দেখানো হইয়াছে সেই ক্রমেই ব্যালট পেপারে তাহাদের নাম ছাপাইতে হইবে।";

(২০) বিধি ৩৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "ফরম "ছ" " শব্দ, চিহ্নগুলি ও অক্ষরের পরিবর্তে "ফরম "ছ-৪" শব্দ, চিহ্নগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।

(২১) বিধি ৪১ এর উপ-বিধি (১)(খ) এ উল্লিখিত "ফরম "ঝ", ফরম "ঝ-১", ফরম "ঝ-২" ও ফরম "ঝ-৩" " শব্দগুলি, চিহ্নগুলি ও অক্ষরগুলির পরিবর্তে "ফরম "ঞ", ফরম "ঞ-১", ফরম "ঞ-২" ও ফরম "ঞ-৩" " শব্দগুলি, চিহ্নগুলি ও অক্ষরগুলি প্রতিস্থাপিত হইবে।

(২২) বিধি ৪২ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "ফরম 'ঞ' " শব্দ, চিহ্নগুলি ও অক্ষরের পরিবর্তে "ফরম "ট" " শব্দ, চিহ্নগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।

(২৩) বিধি ৪৩ এর—

(ক) উপ-বিধি (২) এ উল্লিখিত "ফরম-'ঝ', ফরম-'ঝ-১', ফরম-'ঝ-২', ফরম-'ঝ-৩' " শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "ফরম 'ঞ', ফরম 'ঞ-১', ফরম 'ঞ-২' ও ফরম 'ঞ-৩' " শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি, "ফরম-'ঞ'" শব্দ ও চিহ্নগুলির পরিবর্তে "ফরম ট" শব্দ ও চিহ্নগুলি এবং "ফরম-'ট' এবং ফরম-'ট-১', ফরম-'ট-২', ফরম-'ট-৩'" শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "ফরম 'ঠ', ফরম 'ঠ-১', ফরম 'ঠ-২' ও ফরম 'ঠ-৩'" শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

''(৩) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে, ভোট গণনার ফলাফল একত্রীকরণের পর যদি দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে সমান সংখ্যক ভোট প্রদত্ত হইবার কারণে উপ-বিধি (২) এর অধীন কোন প্রার্থীকে নির্বাচিত বলিয়া ঘোষণা করা সম্ভব নয়, সেইক্ষেত্রে কমিশন সমভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের মধ্যে পুনঃভোট গ্রহণের ব্যবস্থা গ্রহণের জন্য রিটার্নিং অফিসারকে নির্দেশ প্রদান করিবে :

তবে, মহিলা সদস্য নির্বাচনের ক্ষেত্রে যদি দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী সমভোট প্রাপ্ত হন, সেইক্ষেত্রে রিটার্নিং অফিসার লটারির মাধ্যমে ফলাফল নির্ধারণ করিবেন; লটারি যে প্রার্থীর অনুকূলে যাইবে তিনি সর্বোচ্চ ভোট প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং রিটার্নিং অফিসার তাহাকে নির্বাচিত ঘোষণা করিবেন; রিটার্নিং অফিসার লটারির সম্পূর্ণ কার্যক্রম লিপিবদ্ধ করিয়া একটি কার্যবিবরণী প্রস্তুত করিবেন এবং কার্যবিবরণীতে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা নির্বাচনি এজেন্টের স্বাক্ষর গ্রহণ করিবেন।

(গ) উপ-বিধি (৫) এ উল্লিখিত "ফরম-'ট', ফরম-'ট-১', ফরম-'ট-২', ফরম-'ট-৩'" শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "ফরম 'ঠ', ফরম 'ঠ-১', ফরম 'ঠ-২' ও ফরম-'ঠ-৩' " শব্দগুলি, অক্ষরগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

(ঘ) উপ-বিধি (৭) এ উল্লিখিত "ফরম-'ঠ' " শব্দ, চিহ্নগুলি ও অক্ষরের পরিবর্তে "ফরম 'ড'" শব্দ, চিহ্নগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।

(২৪) বিধি ৪৪ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "ফরম 'ট', ফরম 'ট-১', ফরম 'ট-২', ফরম 'ট-৩'" শব্দগুলি, চিহ্নগুলি, অক্ষরগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "ফরম 'ঠ', ফরম 'ঠ-১', ফরম 'ঠ-২' ও ফরম 'ঠ-৩'" শব্দগুলি, চিহ্নগুলি, অক্ষরগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-বিধি (৫) এ উল্লিখিত "ফরম 'ট', ফরম 'ট-১', ফরম 'ট-২', ফরম 'ট-৩' " শব্দগুলি, চিহ্নগুলি, অক্ষরগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "ফরম 'ঠ', ফরম 'ঠ-১', ফরম 'ঠ-২' ও ফরম 'ঠ-৩' শব্দগুলি, চিহ্নগুলি, অক্ষরগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(২৫) বিধি ৪৫ এ উল্লিখিত "ফরম 'ঠ'" শব্দ, চিহ্নগুলি ও অক্ষর এর পরিবর্তে "ফরম 'ড'" শব্দ, চিহ্নগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(২৬) বিধি ৪৬ এর উপ-বিধি (৩) এ "জমা করিতে হইবে" শব্দগুলির পর "এবং বাজেয়াপ্তের প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করিতে হইবে'' শব্দগুলি, সংখ্যা, চিহ্ন ও দাঁড়ি সংযোজিত হইবে।

(২৭) বিধি ৫০ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "ফরম 'ড' " শব্দ, চিহ্ন ও অক্ষর এর পরিবর্তে "ফরম 'ঢ' " শব্দ, চিহ্ন ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।

(২৮) বিধি ৫১ এর পর নতুন বিধি ৫১ক সন্নিবেশিত হইবে, যথা:—

''৫১ক। রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনি ব্যয় সীমা এবং সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ।—(১) নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানকারী প্রত্যেক রাজনৈতিক দল বিধি ১০ এর উপ-বিধি (১) এর অধীন সময়সূচি সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে যে সকল নির্বাচনি এলাকায় প্রার্থী মনোনয়ন প্রদান করিয়াছে সেই সকল নির্বাচনি এলাকায় নির্বাচন সমাপ্ত হওয়া পর্যন্ত উহার সকল আয় ও ব্যয়ের যথাযথ

হিসাব সংরক্ষণ করিবে এবং এইরূপ হিসাবে কোন প্রার্থী বা কোন মনোনয়ন প্রত্যাশী বা অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান হইতে দান বাবদ প্রাপ্ত টাকা যথাযথভাবে দেখাইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রত্যেক রাজনৈতিক দলের তহবিল কোন তফসিলি ব্যাংকে জমা রাখিতে ও সংরক্ষণ করিতে হইবে।

(৩) কোন রাজনৈতিক দল উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে, নির্বাচনের উদ্দেশ্যে, তদকর্তৃক মনোনীত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের জন্য নির্বাচনি ব্যয়সহ, প্রার্থীর মনোনয়ন প্রদান সাপেক্ষে প্রতি উপজেলার জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার অধিক ব্যয় করিতে পারিবে না।

(৪) কোন রাজনৈতিক দল ২০ (বিশ) হাজার টাকার অধিক পরিমাণের কোন দান চেক ব্যতীত গ্রহণ করিতে পারিবে না।

(৫) যদি কোন রাজনৈতিক দল এই বিধির কোন বিধান লংঘন করে, তাহা হইলে উক্ত রাজনৈতিক দল অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থ দণ্ডে দণ্ডনীয় হইবে।";

(২৯) বিধি ৫৩ এর—

(ক) উপ-বিধি (১) উল্লিখিত "ফরম-'ঢ' " শব্দ, চিহ্ন ও অক্ষর এর পরিবর্তে "ফরম 'ণ' " শব্দ, চিহ্ন ও অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) উল্লিখিত "ফরম-'ণ', ফরম 'ণ-১', ফরম 'ণ-২'" শব্দগুলি, চিহ্নগুলি, অক্ষরগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "ফরম 'ত'", ফরম 'ত-১' ও ফরম 'ত-২'" শব্দগুলি, চিহ্নগুলি, অক্ষরগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩০) বিধি ৫৩ এর পর নিম্নরূপ নতুন বিধি ৫৩ক সন্নিবেশিত হইবে, যথা:—

''৫৩ক।**রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনি ব্যয়ের হিসাব বিবরণী দাখিল।**—(১) নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানকারী প্রত্যেক রাজনৈতিক দল কমিশনের নিকট, প্রতিটি পর্যায়ের নির্বাচন সমাপ্ত হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে, বিধি ১৩ এর উপ-বিধি (১) এর অধীন সময়সূচির প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে যে সমস্ত নির্বাচনি এলাকায় প্রার্থী মনোনীত করিয়াছে সেই সকল এলাকায় নির্বাচন সমাপ্ত হওয়া পর্যন্ত সময়ের মধ্যে উক্ত দল কর্তৃক অনুমোদিত সকল খরচের বিস্তারিত বর্ণনা প্রদানপূর্বক নির্ধারিত ফরমে (ফরম 'থ') একটি হিসাব বিবরণী দাখিল করিবে।

(২) এই বিধির বিধান অনুসারে কোন রাজনৈতিক দল উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে নির্বাচন কমিশন ৩০ (ত্রিশ) দিনের সময় প্রদান করিয়া উহা প্রেরণের জন্য সতর্কীকরণ নোটিশ প্রেরণ করিবে; উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট রাজনৈতিক দল হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে পুনরায় ১৫ (পনের) দিন সময় প্রদান করিতে পারিবে এবং সংশ্লিষ্ট রাজনৈতিক দল উক্ত অতিরিক্ত ১৫ (পনের) দিন সময়ের মধ্যে কোন হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে নির্বাচন কমিশন উক্ত রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল করিতে পারিবে।";

(৩১) তফসিল-১ এর—

(ক) "ফরম 'ক', ফরম 'ক-১' ও ফরম 'ক-২' " এর পরিবর্তে নিম্নরূপ "ফরম 'ক', ফরম 'ক-১' ও ফরম 'ক-২' " প্রতিস্থাপিত হইবে, যথা:—

সংযুক্ত-৫



৩২। তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪, তফসিল-৫ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪, তফসিল-৫, তফসিল-৬, তফসিল-৭ ও তফসিল-৮ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"তফসিল-২

[বিধি ২২(১)(ক) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। চাবি | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

"তফসিল-৩

[বিধি ২২(১)(খ) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আনারস | ৮। ব্যাটারি |
| ২। কাপ-পিরিচ | ৯। হেলিকপ্টার |
| ৩। চিংড়ি মাছ | ১০। ফেজ টুপি |
| ৪। মোটর সাইকেল | ১১। মুকুট |
| ৫। ঘোড়া | ১২। জোড়া ফুল |
| ৬। টেলিফোন | ১৩। হাঙ্গর |
| ৭। দোয়াত-কলম | ১৪। নারিকেল জোড়া |

"তফসিল-৪
[বিধি ২২(১)(গ) দ্রষ্টব্য]

ভাইস চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। চাবি | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

"তফসিল-৫
[বিধি ২২(১)(ঘ) দ্রষ্টব্য]

ভাইস চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আইসক্রিম | ৭। টিয়া পাখি |
| ২। উড়োজাহাজ | ৮। তালা |
| ৩। গ্যাস সিলিন্ডার | ৯। পালকি |
| ৪। চশমা | ১০। বই |
| ৫। টাইপ রাইটার | ১১। বৈদ্যুতিক বাল্ব |
| ৬। টিউবওয়েল | ১২। মাইক |

"তফসিল-৬

[বিধি ২২(১)(ঙ) দ্রষ্টব্য]

মহিলা ভাইস চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। চাবি | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

"তফসিল-৭

[বিধি ২২(১)(চ) দ্রষ্টব্য]

মহিলা ভাইস চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। প্রজাপতি | ৬। পদ্ম ফুল |
| ২। হাঁস | ৭। ফুলের টব |
| ৩। ফুটবল | ৮। বৈদ্যুতিক পাখা |
| ৪। ক্যামেরা | ৯। তীর-ধনুক |
| ৫। কলস | ১০। সেলাই মেশিন |

"তফসিল-৮

[বিধি ২২(১)(ছ) দ্রষ্টব্য]

মহিলা সদস্য পদে নির্বাচন প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। টেবিল | ৬। চাঁদ |
| ২। মোরগ | ৭। রূপচাঁদা |
| ৩। পেঁপে | ৮। খরগোশ |
| ৪। বালতি | ৯। বক |
| ৫। হরিণ | ১০। গিটার |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোহাম্মদ আব্দুল্লাহ্

সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

সংযুক্ত-৬

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২১, ২০১৬

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ০৭ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-৩৭৭ আইন/২০১৬।**—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন** ।—(১) এই বিধিমালা উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা** ।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) "আইন" অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন);

(২) "উপজেলা পরিষদ" অর্থ আইনের অধীন গঠিত কোন উপজেলা পরিষদ;

(৩) "কমিশন" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(৪) ''দেওয়াল'' অর্থ বাসস্থান, অফিস, আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসাকেন্দ্র, শিল্পকারখানা, দোকান বা অন্য কোন স্থাপনা, কাঁচা বা পাকা যাহাই হউক না কেন, এর বাহিরের ও ভিতরের দেওয়াল বা বেড়া বা উহাদের সীমানা নির্ধারণকারী দেওয়াল বা বেড়া এবং বৃক্ষ, বিদ্যুৎ লাইনের খুঁটি, খাম্বা, সড়ক দ্বীপ, সড়ক বিভাজক, ব্রিজ, কালভার্ট, সড়কের উপরিভাগ ও বাড়ির ছাদও ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্য ঃ টাকা ১২.০০

(৫) "নির্বাচন" অর্থ কোন উপজেলার চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্য পদে নির্বাচন বা উপ-নির্বাচন;

(৬) "নির্বাচনি এলাকা" অর্থ উপজেলার নির্বাচনের জন্য সংশ্লিষ্ট উপজেলার নির্ধারিত এলাকা;

(৭) ''নির্বাচন-পূর্ব সময়'' অর্থ নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হইতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত সময়কাল;

(৮) ''পোস্টার'' অর্থ কাগজ, কাপড়, রেক্সিন, ডিজিটাল ডিসপ্লেবোর্ড বা ইলেকট্রনিক মাধ্যমসহ অন্য যে কোন মাধ্যমে প্রস্তুতকৃত কোন প্রচারপত্র, প্রচারচিত্র, বিজ্ঞাপনপত্র, বিজ্ঞাপনচিত্র এবং যে কোন ধরনের ব্যানারও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৯) ''পোস্টার লাগানো'' অর্থ প্রচার বা ভিন্নরূপ কোন উদ্দেশ্যে, দেওয়াল বা যানবাহনে, আঠা বা অন্য কোন পদার্থ দ্বারা পোস্টার সাঁটিয়া দেওয়া, লাগাইয়া দেওয়া, ঝুলাইয়া দেওয়া, টাঙ্গাইয়া দেওয়া বা স্থাপন করা;

(১০) ''প্রতিদ্বন্দ্বী প্রার্থী'' অর্থ এমন একজন প্রার্থী যিনি চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান অথবা মহিলা সদস্য হিসাবে নির্বাচনের জন্য বৈধভাবে মনোনীত হইয়াছেন এবং যিনি তাহার প্রার্থিতা প্রত্যাহার করেন নাই;

(১১) "প্রার্থী" অর্থ কোন উপজেলার-

(ক) চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি অথবা স্বতন্ত্র প্রার্থী; এবং

(খ) মহিলা সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;

(১২) "যানবাহন" অর্থ জল, স্থল বা আকাশ পথে চলাচলকারী, চাকাযুক্ত বা চাকাবিহীন, যাত্রী বা মালামাল বহনকারী যান্ত্রিক বা অযান্ত্রিক কোন পরিবহণ;

(১৩) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No. 155 of 1972) এর Article 2 এর Clause (xixa) তে সংজ্ঞায়িত Registered Political Party ;

(১৪) "সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি" অর্থ প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পিকার, সরকারের মন্ত্রী, চিফ হুইপ, ডেপুটি স্পিকার, বিরোধী দলীয় নেতা, সংসদ উপনেতা, বিরোধীদলীয় উপনেতা, প্রতিমন্ত্রী, হুইপ, উপমন্ত্রী বা তাহাদের সমপদমর্যাদার কোন ব্যক্তি, সংসদ-সদস্য এবং সিটি কর্পোরেশনের মেয়র ;

(১৫) "সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২(১) অনুচ্ছেদে সংজ্ঞায়িত কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ; এবং

(১৬) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) এর ধারা ২ এর দফা (ণ) তে সংজ্ঞায়িত স্বতন্ত্র প্রার্থী।

৩। **নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে সমানাধিকার।**—আইন এবং এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে যে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনে অংশগ্রহণকারী কোন রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোন ব্যক্তির সমান অধিকার থাকিবে।

৪। **কোন প্রতিষ্ঠানে চাঁদা, অনুদান, ইত্যাদি নিষিদ্ধ।**—কোন প্রার্থী বা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন-পূর্ব সময়ে সংশ্লিষ্ট উপজেলা এলাকায় অবস্থিত কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান করিতে বা প্রদানের অঙ্গীকার করিতে পারিবেন না।

৫। **প্রচারণার সময়** ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান প্রতীক বরাদ্দের পূর্বে কোন প্রকার নির্বাচনি প্রচার শুরু করিতে পারিবেন না।

৬। **সার্কিট হাউজ, ইত্যাদি ব্যবহারে বাধা-নিষেধ** ।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচন-পূর্ব সময়ে—

(ক) সরকারি সার্কিট হাউজ, ডাক বাংলো বা রেস্ট হাউজে অবস্থান করিতে পারিবেন না; এবং

(খ) তাহার পক্ষে বা অন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বিপক্ষে প্রচারণার স্থান হিসাবে সরকারি সার্কিট হাউজ, ডাক-বাংলো, রেস্ট হাউজ, কোন সরকারি কার্যালয় অথবা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষকে ব্যবহার করিতে পারিবেন না।

৭। **সভা সমিতি অনুষ্ঠান সংক্রান্ত বাধা-নিষেধ**।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন-পূর্ব সময়ে—

(ক) পথসভা ও ঘরোয়া সভা ব্যতীত কোন জনসভা বা শোভাযাত্রা করিতে পারিবেন না;

(খ) পথসভা ও ঘরোয়া সভা করিতে চাহিলে প্রস্তাবিত সভার কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘণ্টা পূর্বে তাহার স্থান এবং সময় সম্পর্কে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে, যাহাতে উক্ত স্থানে চলাচল ও আইন-শৃঙ্খলা রক্ষার জন্য পুলিশ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারে:

তবে শর্ত থাকে যে, জনগণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হইতে পারে এইরূপ কোন সড়কে পথসভা করিতে পারিবেন না বা তদুদ্দেশ্যে কোন মঞ্চ তৈরি করিতে পারিবেন না;

(গ) প্রতিপক্ষের পথসভা বা ঘরোয়া সভা বা অন্যান্য প্রচারাভিযান পণ্ড বা উহাতে বাধা প্রদান বা কোন গোলযোগ সৃষ্টি করিতে পারিবেন না;

(ঘ) কোন পথসভা বা ঘরোয়া সভা অনুষ্ঠানে বাধাদানকারী বা অন্য কোনভাবে গোলযোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশের শরণাপন্ন হইবেন এবং এই ধরনের ব্যক্তিদের বিরুদ্ধে নিজেরা ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন না ।

৮। **পোস্টার, লিফলেট বা হ্যান্ডবিল ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ**।—(১) পোস্টার সাদা-কালো রঙের হইতে হইবে এবং উহার আয়তন ৬০ (ষাট) সেন্টিমিটার × ৪৫ (পঁয়তাল্লিশ) সেন্টিমিটারের অধিক হইতে পারিবে না।

(২) পোস্টারে ছাপানো ছবি সাধারণ ছবি (Portrait) হইতে হইবে এবং কোন অনুষ্ঠান বা মিছিলে নেতৃত্বদান, প্রার্থনারত অবস্থা ইত্যাদি ভঙ্গিমার ছবি ছাপানো যাইবে না।

(৩) সাধারণ ছবির আকার ৬০ (ষাট) সেন্টিমিটার × ৪৫ (পঁয়তাল্লিশ) সেন্টিমিটার এর অধিক হইতে পারিবে না।

(৪) নির্বাচনি প্রতীকের আকার, দৈর্ঘ্য, প্রস্থ বা উচ্চতা কোনক্রমেই ৩ (তিন) মিটারের অধিক হইতে পারিবে না।

(৫) নির্বাচনি প্রচারণায় কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নিজ ছবি ও প্রতীক ব্যতীত অন্য কাহারো নাম, ছবি বা প্রতীক ছাপাইতে কিংবা ব্যবহার করিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন রাজনৈতিক দলের মনোনীত হইলে সেই ক্ষেত্রে তিনি কেবল তাহার দলের বর্তমান দলীয় প্রধানের ছবি পোস্টারে বা লিফলেটে ছাপাইতে পারিবেন।

(৬) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী প্রতীক ব্যবহার বা প্রদর্শনের জন্য একাধিক রং ব্যবহার করিতে পারিবেন না।

(৭) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান মুদ্রণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মুদ্রণের তারিখ বিহীন কোন পোস্টার লাগাইতে পারিবেন না।

(৮) কোন প্রার্থী বা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান বা রাজনৈতিক দল নির্বাচনি এলাকায় অবস্থিত দেওয়াল বা যানবাহনে পোস্টার, লিফলেট বা হ্যান্ডবিল লাগাইতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, ভোটকেন্দ্র ব্যতীত নির্বাচনি এলাকার যে কোন স্থানে পোস্টার, লিফলেট বা হ্যান্ডবিল ঝুলাইতে বা টাঙ্গাইতে পারিবেন।

৯। **ভোটার স্লিপ ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ** ।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) ভোটার স্লিপ প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কোন ভোটকেন্দ্রের ১৮০ (একশত আশি) মিটারের মধ্যে ভোটার স্লিপ বিতরণ করিতে পারিবেন না;

(খ) ভোটার স্লিপ ১২ (বার) সেন্টিমিটার x ৮(আট) সেন্টিমিটার এর অধিক আয়তনের হইতে পারিবে না এবং উহাতে প্রার্থীর নাম ও ছবি, সংশ্লিষ্ট পদের নাম, প্রতীক ব্যতীত অন্য কিছু উল্লেখ করিতে পারিবেন না,

তবে ভোটারের নাম, ভোটার নম্বর ও ভোটকেন্দ্রের নাম ইত্যাদি উল্লেখ করিতে পারিবেন; এবং

(গ) মুদ্রণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, সংখ্যা ও তারিখবিহীন কোন ভোটার স্লিপ মুদ্রণ করিতে পারিবেন না।

১০। **প্রতীক হিসাবে জীবন্ত প্রাণী ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ** ।—নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে প্রতীক হিসাবে জীবন্ত প্রাণী ব্যবহার করা যাইবে না।

১১। **মিছিল বা শোডাউন সংক্রান্ত বাধা নিষেধ** ।—(১) মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের সময় কোন প্রকার মিছিল কিংবা শো-ডাউন করা যাইবে না বা প্রার্থী ৫ (পাঁচ) জনের অধিক সমর্থক লইয়া মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দিতে পারিবেন না।

(২) নির্বাচন-পূর্ব সময়ে কোন প্রকার মিছিল বা কোনরূপ শো-ডাউন করা যাইবে না।

১২। **নির্বাচনি ক্যাম্প বা অফিস স্থাপন, ইত্যাদি সংক্রান্ত বাধা নিষেধ** ।—(১) চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী কোন প্রার্থী ২০,০০০ (বিশ হাজার) ভোটারের হারে ১(এক)টির অধিক এবং সর্বোচ্চ ৫(পাঁচ) টির অধিক নির্বাচনি ক্যাম্প বা অফিস স্থাপন করিতে পারিবেন না।

(২) নির্বাচনি ক্যাম্প বা অফিসে কোন টেলিভিশন, ভিসিআর, ভিসিডি, ডিভিডি, ইত্যাদি ব্যবহার করা যাইবে না।

১৩। **প্রচারকার্যে যানবাহন ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ** ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) কোন ট্রাক, বাস, মোটর সাইকেল, নৌযান, ট্রেন কিংবা অন্য কোন যান্ত্রিক যানবাহন সহকারে মিছিল বা মশাল মিছিল বা অন্য কোন প্রকারের মিছিল বাহির করিতে পারিবে না কিংবা কোনরূপ শোডাউন করিতে পারিবে না;

(খ) নির্বাচনি প্রচারকার্যে হেলিকপ্টার বা অন্য কোন আকাশযান ব্যবহার করা যাইবে না, তবে দলীয় প্রধানের যাতায়াতের জন্য উহা ব্যবহার করিতে পারিবে কিন্তু যাতায়াতের সময় হেলিকপ্টার হইতে লিফলেট, ব্যানার বা অন্য কোন প্রচার সামগ্রী প্রদর্শন বা বিতরণ করিতে পারিবে না; এবং

(গ) ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে মোটর সাইকেল বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালাইতে পারিবে না।

১৪। **নির্বাচনের দিন যানবাহন ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।**—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পক্ষে—

(ক) কোন ভোটকেন্দ্রে বা ভোটকেন্দ্র হইতে ভোটারদের আনা নেওয়ার জন্য যানবাহন ভাড়া করা যাইবে না বা ব্যবহার করা যাইবে না; এবং

(খ) নির্বাচনে শান্তি-শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে কোন যানবাহন চালানো যাইবে না।

১৫। **দেওয়াল লিখন সংক্রান্ত বাধা-নিষেধ।**—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যে কোন রং এর কালি বা চুন বা কেমিক্যাল দ্বারা দেওয়াল বা যানবাহনে কোন লিখন, মুদ্রণ, ছাপচিত্র বা চিত্র অংকন করিয়া নির্বাচনি প্রচারণা চালাইতে পারিবেন না।

১৬। **গেইট, তোরণ বা ঘের নির্মাণ, প্যান্ডেল বা ক্যাম্প স্থাপন ও আলোকসজ্জাকরণ সংক্রান্ত বাধা-নিষেধ।**—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) নির্বাচনি প্রচারণায় কোন গেইট, তোরণ বা ঘের নির্মাণ করিতে পারিবে না কিংবা চলাচলের পথে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবে না;

(খ) নির্বাচনি প্রচারণার জন্য ৩৬ (ছত্রিশ) বর্গমিটারের অধিক স্থান লইয়া কোন প্যান্ডেল বা ক্যাম্প তৈরি করিতে পারিবে না;

(গ) নির্বাচনি প্রচারণার অংশ হিসাবে বিদ্যুতের সাহায্যে কোন প্রকার আলোকসজ্জা করিতে পারিবে না; এবং

(ঘ) কোন সড়ক কিংবা জনগণের চলাচল ও সাধারণ ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে নির্বাচনি ক্যাম্প বা অফিস স্থাপন করিতে পারিবে না।

১৭। **প্রচারণামূলক বক্তব্য, খাদ্য পরিবেশন, উপঢৌকন প্রদান সংক্রান্ত বাধা-নিষেধ।**—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) নির্বাচনি প্রচারণার জন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ছবি বা তাহার পক্ষে প্রচারণামূলক কোন বক্তব্য বা অন্য কারো ছবি বা প্রতীকের চিহ্নসম্বলিত শার্ট, জ্যাকেট, ফতুয়া ইত্যাদি ব্যবহার করিতে পারিবে না;

(খ) নির্বাচনি ক্যাম্পে ভোটারগণকে কোনরূপ পানীয় বা খাদ্য পরিবেশন করিতে পারিবে না; এবং

(গ) ভোটারগণকে কোনরূপ উপঢৌকন, বক্‌শিশ, ইত্যাদি প্রদান করিতে পারিবে না।

১৮। **উস্কানিমূলক বক্তব্য বা বিবৃতি প্রদান এবং উচ্ছৃঙ্খল আচরণ সংক্রান্ত বাধা-নিষেধ।**—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) নির্বাচনি প্রচারণাকালে ব্যক্তিগত চরিত্র হনন করিয়া বক্তব্য প্রদান বা কোন ধরনের তিক্ত বা উস্কানিমূলক বা মানহানিকর কিংবা লিঙ্গ, সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন কোন বক্তব্য প্রদান করিতে পারিবে না;

(খ) নির্বাচন উপলক্ষে কোন নাগরিকের জমি, ভবন বা অন্য কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির কোনরূপ ক্ষতিসাধন করিতে পারিবে না;

(গ) অনভিপ্রেত গোলযোগ ও উচ্ছৃঙ্খল আচরণ দ্বারা কাহারও শান্তি ভঙ্গ করিতে পারিবে না; এবং

(ঘ) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পক্ষে বা বিপক্ষে ভোটারদের প্রভাবিত করিবার উদ্দেশ্যে কোন প্রকার বল প্রয়োগ বা অর্থ ব্যয় করিতে পারিবে না।

১৯। **বিস্ফোরক দ্রব্য বহন সংক্রান্ত বাধা-নিষেধ ।**—কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে Explosives Act, 1884 (Act No. IV of 1884) এর section 4 এর clause (1) এ সংজ্ঞায়িত explosive, Explosive Substances Act, 1908 (Act No. VI of 1908) এর section 2 এ সংজ্ঞায়িত explosive substance এবং Arms Act, 1878 (Act No. XI of 1878) এর section 4 এ সংজ্ঞায়িত arms ও ammunition বহন করিতে পারিবেন না।

২০। **ধর্মীয় উপাসনালয়ে প্রচারণা সংক্রান্ত বাধা-নিষেধ ।**—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান মসজিদ, মন্দির, গির্জা বা অন্য কোন ধর্মীয় উপাসনালয়ে কোন প্রকার নির্বাচনি প্রচারণা চালাইতে পারিবেন না।

২১। **মাইক্রোফোন ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ ।**—(১) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান একটি ইউনিয়নে অথবা পৌরসভায় পথসভা বা নির্বাচনি প্রচারণার কাজে একের অধিক মাইক্রোফোন বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্র ব্যবহার করিতে পারিবেন না।

(২) কোন নির্বাচনি এলাকায় মাইক বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্রের ব্যবহার দুপুর ২ (দুই) ঘটিকার পূর্বে এবং রাত ৮ (আট) ঘটিকার পরে করা যাইবে না।

২২। **সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি ও সরকারি কর্মকর্তা বা কর্মচারীর নির্বাচনি প্রচারণা এবং সরকারি সুযোগ-সুবিধা সংক্রান্ত বাধা-নিষেধ ।**—(১) সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারী নির্বাচন-পূর্ব সময়ে নির্বাচনি এলাকায় প্রচারণায় বা নির্বাচনি কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ ব্যক্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটার হইলে তিনি কেবল তাহার ভোট প্রদানের জন্য ভোটকেন্দ্রে যাইতে পারিবেন।

(২) নির্বাচন-পূর্ব সময়ে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচনি কাজে সরকারি প্রচারযন্ত্র, সরকারি যানবাহন, অন্য কোন সরকারি সুযোগ-সুবিধা ভোগ এবং সরকারি কর্মকর্তা বা কর্মচারীগণকে ব্যবহার করিতে পারিবেন না।

২৩। **নির্বাচন-পূর্ব সময়ে সরকারি উন্নয়ন কর্মসূচিতে কর্তৃত্ব করিবার ক্ষেত্রে বাধা-নিষেধ ।**—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচন-পূর্ব সময়ে তাহার নির্বাচনি এলাকায় সরকারি উন্নয়ন কর্মসূচিতে কর্তৃত্ব করিতে পারিবেন না কিংবা এতদ্‌সংক্রান্ত সভায় যোগদান করিতে পারিবেন না।

২৪। **নির্বাচন-পূর্ব সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে অংশগ্রহণের উপর বাধা-নিষেধ ।**—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পূর্বে সভাপতি বা সদস্য হিসাবে নির্বাচিত বা মনোনীত হইয়া থাকিলে নির্বাচন-পূর্ব সময়ে তিনি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করিবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হইবেন না।

২৫। **নির্বাচন-পূর্ব সময়ে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জন্য প্রকল্প অনুমোদন, ফলক উন্মোচন ইত্যাদি সংক্রান্ত বাধা-নিষেধ ।**—(১) নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাইবে না।

(২) নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তহবিল হইতে কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করিতে পারিবে না।

(৩) নির্বাচন-পূর্ব সময়ে উপজেলার চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্য বা অন্য কোন পদাধিকারী সংশ্লিষ্ট উপজেলা এলাকায় উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা ইতিপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করিতে পারিবেন না।

২৬। **উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্যের কতিপয় ক্ষেত্রে বাধা-নিষেধ।**—বিধি ২২ এ যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি উপজেলা পরিষদের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্য পদে অধিষ্ঠিত থাকা অবস্থায় কোন পদে প্রার্থী হইলে তিনি মনোনয়নপত্র দাখিলের সময় হইতে ভোট গ্রহণের তারিখ পর্যন্ত—

(ক) নির্বাচনি প্রচারণা ও নির্বাচনি কার্যক্রমে উপজেলা পরিষদের অফিস ও যানবাহন ব্যবহার করিতে পারিবেন না;

(খ) উপজেলা পরিষদ বা উহার আওতাধীন কোন ইউনিয়ন পরিষদ বা পৌরসভার কোন কার্যক্রমে বা অনুষ্ঠানে অংশগ্রহণ করিতে পারিবেন না; এবং

(গ) সংশ্লিষ্ট উপজেলায় অবস্থিত কোন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা সংস্থা বা এনজিও এর কোন কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন না।

২৭। **বিলবোর্ড ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।**—নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে কোন প্রকারের স্থায়ী বা অস্থায়ী বিলবোর্ড ভূমি বা অন্য কোন কাঠামো বা বৃক্ষ ইত্যাদিতে স্থাপন বা ব্যবহার করা যাইবে না।

২৮। **নির্বাচনি ব্যয়সীমা সংক্রান্ত বাধা নিষেধ।**—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্ধারিত নির্বাচনি ব্যয়সীমা কোন অবস্থাতেই অতিক্রম করিতে পারিবেন না।

২৯। **মনোনয়নপত্র দাখিল ও প্রার্থিতা প্রত্যাহারের সময় বাধা প্রদান নিষেধ।**—(১)কোন প্রার্থী কর্তৃক রিটার্নিং অফিসার বা সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করিবার সময় অন্য কোন প্রার্থী বা ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান বা কোন রাজনৈতিক দলের কেহ কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবেন না।

(২) কোন প্রার্থী কর্তৃক রিটার্নিং অফিসার বা সহকারি রিটার্নিং অফিসারের নিকট প্রার্থিতা প্রত্যাহার করিবার সময় অন্য কোন প্রার্থী বা ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান বা কোন রাজনৈতিক দলের পক্ষে কেহ কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবেন না।

৩০। **ভোটকেন্দ্রে প্রবেশাধিকার।**—(১) ভোটকেন্দ্রে নির্বাচনি কর্মকর্তা-কর্মচারী, প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনি এজেন্ট, নির্বাচনি পর্যবেক্ষক, কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তিবর্গ, ভোটকেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ এবং ভোটারদেরই প্রবেশাধিকার থাকিবে।

(২) কোন রাজনৈতিক দলের বা প্রতিদ্বন্দ্বী প্রার্থীর কর্মীগণ ভোটকেন্দ্রে প্রবেশ বা ভোটকেন্দ্রের অভ্যন্তরে ঘোরাফেরা করিতে পারিবেন না।

(৩) পোলিং এজেন্টগণ তাহাদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকিয়া তাহাদের নির্দিষ্ট দায়িত্ব পালন করিবেন।

৩১। **নির্বাচন প্রভাবমুক্ত রাখা।**—প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অর্থ, অস্ত্র ও পেশী শক্তি কিংবা স্থানীয় ক্ষমতা দ্বারা নির্বাচন প্রভাবিত করা যাইবে না।

৩২। **বিধিমালার বিধান লঙ্ঘন শাস্তিযোগ্য অপরাধ।**—(১) কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি নির্বাচন-পূর্ব সময়ে এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে অনধিক ৬(ছয়) মাস কারাদণ্ড অথবা অনধিক ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) কোন রাজনৈতিক দল অথবা কোন প্রার্থীর পক্ষে কোন সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন-পূর্ব সময়ে এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে অনধিক ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবে।

৩৩। **কমিশন কর্তৃক প্রার্থিতা বাতিল।**—(১) এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, যদি কোন উৎস হইতে প্রাপ্ত রেকর্ড কিংবা লিখিত রিপোর্ট হইতে কমিশনের নিকট প্রতীয়মান হয় যে, চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী কোন প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিয়াছেন বা লঙ্ঘনের চেষ্টা করিয়াছেন এবং অনুরূপ লঙ্ঘন বা লঙ্ঘনের চেষ্টার জন্য তিনি চেয়ারম্যান, বা ক্ষেত্রমত, ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার অযোগ্য হইতে পারেন, তাহা হইলে কমিশন বিষয়টি সম্পর্কে তাৎক্ষণিক তদন্তের নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন তদন্ত রিপোর্ট প্রাপ্তির পর কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট বা তাহার নির্দেশে বা তাহার পক্ষে তাহার প্রত্যক্ষ বা পরোক্ষ সম্মতিতে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিয়াছেন বা লঙ্ঘনের চেষ্টা করিয়াছেন এবং অনুরূপ লঙ্ঘন বা লঙ্ঘনের চেষ্টার জন্য তিনি চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার অযোগ্য হইতে পারেন, তাহা হইলে কমিশন, তাৎক্ষণিকভাবে লিখিত আদেশ দ্বারা, উক্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রার্থিতা বাতিল করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত কোন আদেশ কমিশন, যথাশীঘ্র সম্ভব, সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্টকে এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত আদেশ কমিশন সরকারি গেজেটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে।

৩৪। **রহিতকরণ ও হেফাজত** ।—(১) উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৩, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কোন কার্যক্রম বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোন মামলা বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোহাম্মদ আব্দুল্লাহ্**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd